

Date: 10-12-2025

Time: 1.30 PM

বিশেষ বিশেষ খবর –

- ১) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, ভারত এমন এক রাষ্ট্র হিসেবে নিজেকে গড়ে তুলতে বন্ধপরিকর, যেখানে মানবাধিকার শুধু মাত্র সুরক্ষিত নয়, নাগরিকরা তা' পূর্ণমাত্রায় উপভোগ করতে পারেন।
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব ড. পি. কে. মিশ্র বলেছেন, আগামী দশকে ভারতের লক্ষ্য হল এমন একটি রাষ্ট্রে পরিণত হওয়া, যেখানে সুদক্ষ প্রতিষ্ঠান ও সহানুভূতিশীল শাসনব্যবস্থার মাধ্যমে প্রতিটি নাগরিক সম্মানের সঙ্গে জীবনযাপন করতে পারেন।
- ৩) সরকার জানিয়েছে, অমৃত ভারত স্টেশনের আওতায় ১৬০ টি রেল স্টেশনের কাজ শেষ হয়েছে।
- ৪) মার্কিন যুক্তরাষ্ট্র ভিত্তিক টেক জায়ান্ট অ্যামাজন, ২০৩০ সালের মধ্যে ভারতে সাড়ে তিন হাজার কোটি ডলার বিনিয়োগ করবে বলে ঘোষণা করেছে।
- ৫) ভারতের অন্যতম প্রধান সাংস্কৃতিক ও আধ্যাত্মিক উৎসব 'দীপাবলি' আজ ইউনেস্কোর মানবজাতির অমূল্য সাংস্কৃতিক ঐতিহ্যের প্রতিনিধিত্বমূলক তালিকায় অন্তর্ভুক্ত হয়েছে।
- ৬) মহারাষ্ট্রের গড়চিরৌলিতে ১১ জন নক্সাল আজ আত্মসমর্পণ করেছে।
- ৭) বাংলাদেশে সংসদীয় নির্বাচন ও জাতীয় গণভোটের দিনক্ষণ আজ ঘোষণা করা হতে পারে।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, ভারত এমন এক রাষ্ট্র হিসেবে নিজেকে গড়ে তুলতে বন্ধপরিকর, যেখানে মানবাধিকার শুধু মাত্র সুরক্ষিত নয়, নাগরিকরা তা' পূর্ণমাত্রায় উপভোগ করতে পারেন। তিনি আজ নতুন দিল্লিতে 'মানবাধিকার দিবস' উপলক্ষ্যে এক জাতীয় সম্মেলনে ভাষণ দিচ্ছিলেন। দৈনিক অত্যাবশ্যকীয় সুনিশ্চিত করার লক্ষ্যে আয়োজিত ওই জাতীয় সম্মেলনে রাষ্ট্রপতি জোর দিয়ে বলেন, কাউকে কারোর অধিকার থেকে বঞ্চিত করা উচিত নয়। মর্যাদার সঙ্গেও কোনোরকম আপোষ করা যায়না। মানবাধিকার দিবস-কে এক ন্যায্যসম্মত ভারসাম্য যুক্ত ও সহানুভূতিশীল সমাজ ব্যবস্থা গড়ে তোলার প্রেক্ষাপট হিসেবে অভিহিত করেন তিনি। ন্যায্যবিচার যাতে ভারতের প্রত্যেক নাগরিকের জন্মগত অধিকার হিসেবেই থাকে, তাও সুনিশ্চিত করার ওপর জোরালো সওয়াল করেন তিনি।

(বাইট- মূর্ম)

রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্ম বলেছেন, মানবাধিকারের আন্তর্জাতিক কাঠামো গঠনে ভারত, গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। ভারতের সংবিধান প্রণয়ন পরিষদের ১৫ জন নারী সদস্যের একজন হংসা মেহতা, রাষ্ট্রসংঘের সার্বজনীন মানবাধিকার ঘোষণাপত্র রচনায় গুরুত্বপূর্ণ অবদান রেখেছিলেন। ভারতের স্বাধীনতা সংগ্রামীরা এমন এক বিশ্ব কল্পনা করেছিলেন, যেখানে মর্যাদা, সমতা ও ন্যায়বিচার থাকবে। রাষ্ট্রপতি বলেন, সরকারের বিভিন্ন কার্যকরী প্রকল্পের মাধ্যমে নারীদের অর্থনৈতিক অংশগ্রহণ ও মর্যাদা বৃদ্ধি পেয়েছে, যার ফলে ভারতের আত্মনির্ভরতা আরও বেড়েছে।

প্রধানমন্ত্রীর মুখ্য সচিব ড. পি. কে. মিশ্র বলেছেন, আগামী দশকে ভারতের লক্ষ্য হল এমন একটি রাষ্ট্রে পরিণত হওয়া, যেখানে সুদক্ষ প্রতিষ্ঠান ও সহানুভূতিশীল শাসনব্যবস্থার মাধ্যমে প্রতিটি নাগরিক সম্মানের সঙ্গে জীবনযাপন করতে পারেন। নতুন দিল্লিতে মানবাধিকার দিবস ২০২৫ এবং ‘দৈনিক সুত্যাবশ্যকীয় সুনিশ্চিতকরণের লক্ষ্যে আয়োজিত জাতীয় সম্মেলনের ভাষনে ড. মিশ্র বলেন, দক্ষ প্রশাসনিক ব্যবস্থা, স্বচ্ছতা এবং নাগরিকদের প্রতি শ্রদ্ধা ও সহানুভূতিশীল প্রতিষ্ঠানের মাধ্যমে সুশাসন নিশ্চিত করা একটি দেশের মৌলিক অধিকার। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বিশ্বাস করেন, প্রত্যেক যোগ্য নাগরিকের কাছে সরকারি সুবিধা পৌঁছানো উচিত। ২০১৪ সালের পর সরকার ‘স্যাচুরেশন অ্যাপ্রোচ’-এর ওপর জোর দিয়েছে, যার মূল লক্ষ্য হল প্রাপ্তিক্রম মানুষের কাছে সরকারি সুবিধা কার্যকরভাবে পৌঁছে দেওয়া।

তিনি আরও বলেন, ১৯৪৮ সালের মানবাধিকার সনদ, বিশ্বকে ‘সম্মান’ শব্দটির একটি অভিন্ন ভাষা দিয়েছে এবং এই প্রক্রিয়ায় ভারত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।

(বাইট- পি কে মিশ্র)

কেন্দ্রীয় শক্তিমন্ত্রী মনোহরলাল বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বাধীন সরকারের অধীনে নির্বাচন কমিশন সহ সমস্ত সাংবিধানিক প্রতিষ্ঠানের কাজকর্ম আরও স্বচ্ছ হয়েছে। এস আই আর এবং নির্বাচন কমিশনের কাজ নিয়ে কংগ্রেস নেতা রাহুল গান্ধীর মন্তব্যের সমালোচনা করে তিনি বলেন, এই প্রথমবার সাংবিধানিক প্রতিষ্ঠানগুলি স্বচ্ছতার সঙ্গে কাজ করতে পারছে, যা কংগ্রেস জমানায় এক প্রকার অসম্ভব ছিল।

অন্যদিকে, কেন্দ্রীয় মন্ত্রী প্রহ্লাদ যোশীও নির্বাচন কমিশনের বিরুদ্ধে ভুল অভিযোগ আনার জন্য কংগ্রেস নেতার সমালোচনা করেন। তিনি বলেন, কংগ্রেস নির্বাচনে পরাস্ত হলেই ইভিএম এবং ভোটে রিগিং নিয়ে সরব হয়।

লোকসভায় আজ নির্বাচনী সংস্কার নিয়ে আলোচনা পুনরায় শুরু হইয়েছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্ আলোচনার শেষে জবাবী ভাষণ দেবেন। আলোচনার সূত্রপাত করে গতকাল আইন ও বিচারমন্ত্রী অর্জুনরাম মেঘাওয়াল বলেন, কংগ্রেস আমলে বহুবার ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী বা এসআইআর হয়েছে, কিন্তু এই আমলে এসআইআর প্রক্রিয়া শুরু হতেই তারা নানা রকম প্রশ্ন তুলতে শুরু করেছে। তিনি নির্বাচন ব্যবস্থার প্রশংসা করে বলেন, স্বাধীনতার পর থেকে দেশে প্রত্যেকের ভোটাধিকারের ব্যবস্থা করা হয়েছে। শুধু তাই নয়, নরেন্দ্র মোদি সরকারের আমলে নারী শক্তি বন্দন অভিজ্ঞানম আইন পাশ হয়েছে। এর ফলে সংসদ ও বিভিন্ন রাজ্য বিধানসভাপুঞ্জিতে মহিলাদের জন্য এক তৃতীয়াংশ সংরক্ষণ স্বীকৃত হয়েছে।

আলোচনায় অংশ নিয়ে বিরোধী দলনেতা রাহুল গান্ধী বলেন, ভোটার তালিকায় একই ব্যক্তির নাম একাধিকবার দেখা গিয়েছে।তিনি অভিযোগ করেন, বিজেপি জাতীয় স্বার্থের তুলনায় ভোটারের স্বার্থকেই বেশি জোর দেয়।

বিতর্ক চলাকালীন বিজেপির নিশিকান্ত দুবে অভিযোগ করেন, কংগ্রেস, তৃণমূল কংগ্রেস ও ঝাড়খন্ড মুক্তি মোর্চা অনুপ্রবেশকারীদের ভোটে জেতে।

রাজ্যসভাতেও আজ জাতীয় স্তোত্র বন্দে মাতরম রচনার দেড়শ তম বার্ষিকী উপলক্ষ্যে আলোচনা চলেছে।

SIR প্রক্রিয়ায় নজরদারি আরও বাড়াতে পশ্চিমবঙ্গের ৫ টি ডিভিশনের জন্য নির্বাচন কমিশন নিযুক্ত স্পেশাল রোল অবজার্ভাররা, এরা জ্যে এসেছেন।

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়ালের পৌরোহিত্যে CEO দপ্তরে তাঁরা যোগ দিয়েছেন এক পর্যালোচনা বৈঠকে।

ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন বা SIR-এর অগ্রগতি পর্যালোচনা করতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল আজ ৬ জেলা নির্বাচনী আধিকারিকদের সঙ্গে বৈঠকে বসছেন।

সরকার জানিয়েছে অমৃত ভারত স্টেশন প্রকল্পের আওতায় 160 টি রেল স্টেশনের কাজ শেষ হয়েছে। লোকসভায় আজ প্রশ্নোত্তর পর্বে পরিপূরক জবাবে রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব বলেন, এই প্রকল্পের আওতায় এক হাজার 300 টিরও বেশি স্টেশন উন্নয়নের জন্য চিহ্নিত করা হয়েছে। তিনি বলেন, সরকার রেল স্টেশনগুলিতে যাত্রী স্বাচ্ছন্দ্যের উন্নতির জন্য কাজ করছে। শ্রী বৈষ্ণব জোর দিয়ে বলেন, যাত্রীদের সুরক্ষার ওপর গুরুত্ব দিয়ে স্টেশনের পুনরুন্নয়নের কাজ করা হচ্ছে।

(বাইট - অশ্বিনী বৈষ্ণব)

অসামরিক বিমান চলাচল নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ডিজিসিএ ইন্ডিগোকে তাদের চলতি বছরের শীতকালীন উড়ান-সূচী ১০ শতাংশ কমানোর নির্দেশ দিয়েছে। ডিজিসিএ বলেছে, উল্লেখযোগ্যভাবে এই সংস্থার বিমান চলাচলে বিঘ্ন ঘটছে এবং নির্ধারিত সময়সূচী মেনে বিমান উড়ানে ব্যর্থ হয়েছে। তারা এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে, এই বছরের নভেম্বরে ইন্ডিগোকে ৬৪ হাজার ৩৪৬টি উড়ানের অনুমোদন দেওয়া হয়েছিল, তাতে ৫৯ হাজার ৪৩৮টি উড়ান চললেও, ৯৫১টি বাতিল হয়। এতৎসত্ত্বেও ডিজিসিএ চলতি মরসুমে ৪০৩টি বিমান নিয়ে আরও ৬ শতাংশ উড়ান বৃদ্ধির অনুমতি দিলেও, ইন্ডিগো গত নভেম্বরে মাত্র ৩৪৪টি বিমানকে উড়ান উপযোগী করতে পেরেছিল। ডিজিসিএ আজ বিকেল ৫টার মধ্যে ইন্ডিগোকে একটি সংশোধিত সময়সূচী জমা দিতে বলেছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ শহীদ দিবস উপলক্ষে অসম আন্দোলনে আত্মবলিদান দেওয়া এবং সব অংশগ্রহণকারীদের বীরত্বকে স্মরণ করেছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় প্রধানমন্ত্রী বলেন, এই আন্দোলন ভারতের ইতিহাসে চিরকাল একটি গৌরবময় স্থান অধিকার করে থাকবে। অসমের সংস্কৃতির বিকাশ এবং রাজ্যের সার্বিক অগ্রগতির মাধ্যমে আন্দোলনে অংশগ্রহণকারীদের স্বপ্ন পূরণে ভারত প্রতিশ্রুতিবদ্ধ বলেও প্রধানমন্ত্রী উল্লেখ করেন।

মার্কিন যুক্তরাষ্ট্রভিত্তিক টেক জায়ান্ট অ্যামাজন, ২০৩০ সালের মধ্যে ভারতে সাড়ে তিন হাজার কোটি ডলার বিনিয়োগ করবে বলে ঘোষণা করেছে। নতুন দিল্লিতে অনুষ্ঠিত ‘অ্যামাজন সম্ভাব সম্মেলন’-এর ষষ্ঠ সংস্করণে সংস্থার ইমার্জিং মার্কেটস বিভাগের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট অমিত আগরওয়াল এ কথা জানিয়ে

বলেন, এই বিনিয়োগ ‘বিকশিত ভারত’ ভিশনের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। সমগ্র উদ্যোগে কৃত্রিম বুদ্ধিমত্তা বা এআই প্রযুক্তির সম্প্রসারণ, লজিস্টিক অবকাঠামোর উন্নয়ন এবং কর্মসংস্থান সৃষ্টির ওপর জোর দেওয়া হবে। এতে সরাসরি, পরোক্ষ এবং সময়োপযোগী কাজ মিলিয়ে অতিরিক্ত ১০ লক্ষ কর্মসংস্থান সৃষ্টি হবে বলে আশা করা হচ্ছে। এর আগে, আরেক প্রযুক্তি জায়ান্ট মাইক্রোসফট ঘোষণা করে, ভারতের এআই-ভিত্তিক ভবিষ্যতের জন্য প্রয়োজনীয় পরিকাঠামো, দক্ষতা এবং সার্বভৌম সক্ষমতা গড়ে তুলতে ১ হাজার ৭শো কোটি ডলারের বেশি বিনিয়োগ করবে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, ভারতে মাইক্রোসফট-এর সাম্প্রতিক বিনিয়োগ পপ্রিকল্পনাকে স্বাগত জানিয়েছেন।

ভারতের অন্যতম প্রধান সাংস্কৃতিক ও আধ্যাত্মিক উৎসব ‘দীপাবলি’ আজ ইউনেস্কোর ‘ইনট্যানজিবল কালচারাল হেরিটেজ অব হিউম্যানিটি’ বা মানবজাতির অমূল্য সাংস্কৃতিক ঐতিহ্যের প্রতিনিধিত্বমূলক তালিকায় অন্তর্ভুক্ত হয়েছে। কেন্দ্রীয় সংস্কৃতি ও পর্যটন মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াত বলেন, প্রতিটি ভারতীয়ের জন্য এটি এক আবেগঘন মুহূর্ত। দীপাবলি কেবল উদযাপন নয়, এটি বেঁচে থাকার এক অনুভূতি যা প্রজন্মের পর প্রজন্ম ধরে হৃদয়ে স্থান করে নিয়েছে। এই স্বীকৃতি এক প্রানোবন্ত ঐতিহ্য হিসেবে দীপাবলিকে ভবিষ্যতেও উদযাপন করার দায়িত্ব সুনিশ্চিত করে বলে তিনি উল্লেখ করেন।

(বাইট-শেখাওয়াত)

উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন ইউনেস্কোর এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছেন। সামাজিক মাধ্যমের এক বার্তায় তিনি বলেন, এই আন্তর্জাতিক স্বীকৃতির জন্য দেশের প্রতিটি নাগরিক গর্বিত। এই উৎসব ভারতের বহুমুখী সংস্কৃতি, বহুত্ববাদ এওং সামাজিক ঐক্যকে সুনিশ্চিত করে। আশা, সম্প্রীতি এবং অন্ধকার দূর করে উৎসবকে সূচিত করার এক বার্তা দেয় দীপাবলী।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, দীপাবলিকে ইউনেস্কোর অমূল্য সাংস্কৃতিক ঐতিহ্যের তালিকায় অন্তর্ভুক্ত করায় ভারতসহ সারা বিশ্বের মানুষ আনন্দিত। এক সামাজিক মাধ্যমে বার্তায় প্রধানমন্ত্রী জানান, দীপাবলি ভারতের সংস্কৃতি ও মূল্যবোধের সঙ্গে গভীরভাবে যুক্ত এবং এই উৎসবকে তিনি দেশের সভ্যতার আত্মা বলে অভিহিত করেন। দীপাবলি আলোক ও ন্যায়ের প্রতীক, এবং ইউনেস্কোর তালিকায় এর অন্তর্ভুক্তি আন্তর্জাতিক স্তরে এর স্বীকৃতি ও জনপ্রিয়তা আরও বাড়াবে।

বিশ্বে এই প্রথম কিশোরদের সামাজিক মাধ্যমে প্রবেশাধিকারে নিষেধাজ্ঞা জারি করল অস্ট্রেলিয়া। অনূর্দ্ধ-১৬ বছরের কিশোর – কিশোরীদের ইন্সটাগ্রাম, ফেসবুক, থ্রেডস্, এক্স, স্নাপচ্যাট, কিক, টুইজ, টিকটক, রেডিট ও ইউটিউবের মতো প্ল্যাটফর্মগুলিতে নতুন আইন বলবৎ হওয়ার ফলে অস্ট্রেলিয়ার কয়েক লক্ষ্য শিশু-কিশোররা প্রবেশ করতে পারবে না। নতুন এই আইন ভঙ্গ করলে শিশু-কিশোর ও অভিভাবকদের কোনরকম শাস্তির মুখে পড়তে হবে না। কিন্তু কোম্পানীগুলিকে ৩২ মিলিয়ন ডলার পর্যন্ত জরিমানা দিতে হতে পারে। সরকার জানিয়েছে, এই নিষেধাজ্ঞার লক্ষ্য হল, অল্প বয়সীদের ক্ষতিকারক বিষয়গুলির থেকে দূরে রাখার চেষ্টা করা। তবে, সমালোচকরা বলছেন, এই আইন বলে ইন্টারনেটের অনিয়ন্ত্রিত জায়গুলিতে শিশু-কিশোররা আরও আকর্ষিত হবে। বড় বড় প্রযুক্তিগত সংস্থাগুলি এই আইনের বিরোধিতা করেছে। কারণ তা স্বাধীন মতামত ব্যক্ত করার অধিকারকে ক্ষুণ্ণ করে। তবে, অভিভাবকরা একে সমর্থন জানিয়েছেন।

উল্লেখ্য, গত বছর সেপ্টেম্বর মাসে অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী অ্যান্টনি আলবানিজ সোশ্যাল মিডিয়া ব্যবহারের ক্ষেত্রে বয়সবিধি আরোপ করার পরিকল্পনার কথা জানিয়েছিলেন।

আন্তর্জাতিক স্পেস স্টেশন ফেরত প্রথম ভারতীয় মহাকাশচারী গ্রুপ ক্যাপ্টেন শুভাংশু শুক্লা আজ শহরে আসছেন। মহাকাশ থেকে ফেরার পর এটিই তাঁর প্রথম কলকাতা সফর। ইন্ডিয়ান সেন্টার ফর স্পেস ফিজিক্সে আজ তিনি স্কুল-কলেজের ছাত্র-ছাত্রীদের সঙ্গে বেশ কিছুটা সময় কাটাবেন। প্রথমেই প্রতিষ্ঠানের মিউজিয়ামে তাঁর নামাঙ্কিত প্যাভিলিয়ন ঘুরে দেখবেন তিনি। পড়ুয়াদের মুখোমুখি হওয়ার আগে 'my experience in space: the final Frontier' শীর্ষক বক্তৃতা দেবেন এবং একটি আলোচনা সভায় অংশ নেবেন তিনি। আলোচনায় অংশ নেবেন ইন্ডিয়ান সেন্টার ফর স্পেস রিসার্চ এর অধিকর্তা বিজ্ঞানী প্রফেসর ডক্টর সন্দীপ চক্রবর্তী, নাসার বিজ্ঞানী ডঃ জয়দীপ মুখার্জি সহ বিশিষ্ট জনেরা।

উল্লেখ্য, ২৬ জুন ইতিহাস তৈরি করেন ভারতীয় নভশচর শুভাংশু শুক্লা। অ্যাক্সিয়ম-৪ অভিযানের অংশ হিসাবে অন্য তিন মহাকাশচারীর সঙ্গে আন্তর্জাতিক মহাকাশ স্টেশন পৌঁছান শুভাংশু এবং ১৫ জুলাই তিনি পৃথিবীতে ফিরে আসেন।

বাংলাদেশের সংসদ নির্বাচন এবং একইসঙ্গে জাতীয় গণ ভোট নেওয়ার সময়সূচী আজ বিকেল অথবা আগামীকাল ঘোষণা করা হতে পারে। বাংলাদেশের মুখ্য নির্বাচন কমিশনার এ এম এম নাসিরুদ্দিন, প্রধান বিচারপতি সৈয়দ রাফাত আহমেদের সঙ্গে বৈঠকের পর গতকাল একথা জানান। তিনি বলেন, দুটি ভোটের জন্য নির্বাচন কমিশনের পক্ষ থেকে যাবতীয় প্রস্তুতি নেওয়া হয়েছে।

উল্লেখ্য, দেশের ৩-শোটি সংসদীয় আসনের সবকটিতেই এবার ভোট হবে। এই প্রথমবার সংসদীয় নির্বাচনের সঙ্গে গত জুলাই-এ প্রস্তাবিত জাতীয় সনদের ওপর ভিত্তি করে আয়োজন করা হবে জাতীয় গণভোট। এই সনদে রাজনৈতিক, প্রশাসনিক ও সাংবিধানিক সংস্কারের একাধিক সংস্থান অন্তর্ভুক্ত আছে।

এদিকে, ভোটকে ঘিরে রাজনৈতিক দলগুলির মধ্যে শুরু হয়েছে তৎপরতা। প্রার্থী তালিকা, জোট গঠন ও কৌশলগত পরিকাঠামো নিয়ে আলাপ-আলোচনা চলছে।

তবে, নিষিদ্ধ আওয়ামী লিগ আনুষ্ঠানিকভাবে ভোটে অংশগ্রহণ করতে বাধা থাকায় আসন্ন ভোটকে ঘিরে অস্থিরতা সৃষ্টি হতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।

একাধিক হিংসাত্মক ঘটনায় জড়িত এগারো জন নকশাল আজ গড়চিরোলিতে মহারাষ্ট্রের ডিজিপি রশ্মি শুল্কর কাছে আত্মসমর্পণ করেছে। তাদের মাথার দাম ৮২ লক্ষ টাকা ধার্য হয়েছিল। দলটিতে দুজন বিভাগীয় কমিটির সদস্য, তিনজন পিপিএম, দুজন এসিএম এবং চারজন দালাম সদস্য রয়েছে। ডিজিপি শুল্কর এই আত্মসমর্পণে গুরুত্বপূর্ণ ভূমিকার জন্য সি-60 কমান্ডোদেরও অভিনন্দন জানিয়েছেন। তিনি সি-60 দলের প্রচেষ্টার প্রশংসা করেন এবং অবশিষ্ট মাওবাদীদের হিংসা পরিহার করে গণতান্ত্রিক মূলধারায় যোগ দেওয়ার আহ্বান জানান।
